# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - বিকৃতি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৫.১.৩. মোশির পুস্তকের মধ্যে অন্য ঐশী পুস্তকের উদ্ধৃতি

তৌরাতের ৪র্থ পুস্তক শুমারী/ গণনাপুস্তক ২১/১৪ (মো.-১৩): ‘‘এজন্য মাবুদের যুদ্ধ-বিবরণী কিতাবে উক্ত আছে: শূফাতে বাহেব, আর অর্ণোনের সমস্ত উপত্যকা।’’

পাঠক দেখছেন যে, এখানে গণনাপুস্তক বা শুমারী কিতাবের লেখক পূর্ববর্তী একটা ধর্মগ্রন্থের উদ্ধৃতি প্রদান করছেন। ধর্মগ্রন্থটার ইংরেজি নাম (the book of the wars of the LORD)। বাংলায় কেরি: ‘সদাপ্রভুর যুদ্ধপুস্তক’, পবিত্র বাইবেল-২০০০: ‘সদাপ্রভুর যুদ্ধ নামে বই’, কিতাবুল মোকাদ্দস-২০০৬: ‘মাবুদের যুদ্ধ নামে বই’ এবং কিতাবুল মোকাদ্দস-২০১৩: ‘মাবুদের যুদ্ধ-বিবরণী কিতাব’।

সুপ্রিয় পাঠক, আপনি আশা করি নিশ্চিত হচ্ছেন যে, এ কথাটা কখনোই মূসা (আ.)-এর কথা হতে পারে না। উপরন্তু এ কথাটা প্রমাণ করে যে, মূসা (আ.) ‘শুমারী’ বা ‘গণনাপুস্তক’ নামক এ বইটার লেখক নন। কারণ, ইহুদি-খ্রিষ্টানরা একমত যে, মূসা (আ.)-এর পূর্বে কোনো কিতাব তাদের মধ্যে নাযিল হয়নি এবং মূসা কোনো কিতাব দেখে তৌরাত লেখেননি। অথচ গণনাপুস্তকের লেখক এখানে ‘মাবুদের যুদ্ধ-বিবরণী’ নামক অন্য একটা কিতাব থেকে উদ্ধৃতি প্রদান করেছেন। এ পুস্তকটা কে লেখেছিলেন? কোন্ যুগে? কোথায়? কোনো কিছুই জানা যায় না।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14204

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন